# ECHO OF HIS CALL

ECHO OF HIS CALL REACHING NATIONS SINCE 1969

1969 TO 2029

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

**Vol. XXVII** YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 NOVEMBER **No 10**


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ৯৬: ৭-১৩

৭। জাতিগণের সমস্ত কুল সদাপ্রভুকে স্বীকার করো, স্বীকার করো যে সদাপ্রভু মহিমান্বিত ও পরাক্রমী।

৮। সদাপ্রভুকে তাঁর যোগ্য মহিমায় মহিমান্বিত করো। নৈবেদ্য সাজিয়ে তাঁর প্রাঙ্গণে প্রবেশ করো।

৯। তাঁর পবিত্র শোভায় সদাপ্রভুর আরাধনা করো, সমস্ত পৃথিবী, তাঁর সম্মুখে কম্পিত হও;

১০। সমস্ত জাতিগণের মধ্যে বলো, "সদাপ্রভু রাজত্ব করেন।" পৃথিবী দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত,তা বিচলিত হবে না; তিনি সমতার সঙ্গে সকল মানুষের বিচার করবেন।

১১। আকাশমণ্ডল আনন্দ করুক, পৃথিবী উল্লসিত হোক; সমুদ্র ও যা কিছু তার মধ্যে আছে, গর্জন করুক।

১২। সমস্ত ময়দান ও সেখানকার যা সবকিছু উল্লসিত হোক;জঙ্গলের সকল গাছ আনন্দ সঙ্গিত করুক।

১৩। সমস্ত সৃষ্টি সদাপ্রভুর সম্মুখে আনন্দ করুক, কারণ তিনি আসছেন, এই জগতের বিচার করার জন্য তিনি আসছেন। তিনি ধার্মিকতায় এই পৃথিবীর বিচার করবেন এবং তাঁর সত্য অনুযায়ী সব মানুষের বিচার করিবেন।

## আপনি কি জাগ্রত না নিদ্রিত ?

### ARE YOU AWAKE OR ASLEEP?

**(অবৈতনিক প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)**



আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের পুনরুত্থিত নামে আপনাদের শুভেচ্ছা জানাই। তিনি আমাদেরকে স্বর্গীয় স্থানে প্রত্যেক আধ্যাত্মিক আশীর্ব্বাদে আশীর্ব্বদিত করেছেন। **তাঁর আহ্বানের প্রতিধ্বনি** পত্রিকার মাধ্যমে আমাদের এই সম্প্রসারিত পরিবারের সঙ্গে যুক্ত হতে পারা সবসময়ই এক আনন্দের বিষয়। আমার প্রার্থনা, যেভাবে তোমাদের আত্মা খ্রীষ্ট যীশুতে সমৃদ্ধ হচ্ছে, তেমনই যেন তোমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রও সমৃদ্ধ হয়।

আমরা এখন ২০২৫ সালের শেষ প্রান্তে এসে পৌঁছেছি। কী দ্রুত এই বছরটি কেটে গেল। পেছনে ফিরে তাকালে ভাববার অনেক কিছুই আছে। আমি ঈশ্বরকে ধন্যবাদ জানাই তাদের জন্য, যারা এক ফলপ্রসূ ও আশীর্ব্বাদপূর্ণ বছর কাটিয়েছেন - তাদের বলি, ধৈর্য ধরে এতদূর আসার জন্য ধন্যবাদ। সত্যিই, ঈশ্বরই আমাদের শক্তি।

এই বছরটি আমাদের পরিবারের জন্য বিশেষভাবে চ্যালেঞ্জপূর্ণ ছিল। আমরা আমার ভাইয়ের বেদনাদায়ক মৃত্যুর অভিজ্ঞতা লাভ করেছি — যিনি আমার পিতা-মাতার প্রিয় পুত্র এবং খ্রীষ্টের এক বিশ্বস্ত দাস ছিলেন। তবুও, এই সমস্ত কিছুর মধ্য দিয়ে ঈশ্বরের অনুগ্রহ আমাদের জন্য যথেষ্ট হয়েছে। এই কঠিন সময়ে আপনাদের প্রার্থনা ও সহানুভূতির জন্য আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ।

(ক্রমশঃ, ৩পাতায়)




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

**Every day – From 2.00 A.M.**

**৫ মিনিটের বাণী!!**

**তামিল এবং তেলেগু - ভোর ৫টা**

**তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০**

ECHO OF HIS CALL
REACHING NATIONS
SINCE 1969
1969 TO 2025

# আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)

Estd. 1969

## *from your dearly beloved brother...*





> " তোমরা যারা সদাপ্রভুর উপর আশা রাখো, তোমরা বলবান হও ও সাহস করো (গীত ৩১:২৪)।

**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A, M.Sc(C&P), PGDHRM, MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.
EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
YOUTUBE CHANNEL
Echo of His Call

খ্রীষ্টে প্রিয় ভাই ও বোনেরা,

আমাদের ত্রাণকর্তা ও প্রভু যীশু খ্রীষ্টের মহামূল্যবান নামের গৌরব ও সম্মান হোক, যিনি এখনো আমাদের আশীর্বাদের পথে নেতৃত্ব দিচ্ছেন।

গতমাসে আমরা নানা চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছি, যেমন মুদ্রণযন্ত্রের প্রযুক্তিগত সমস্যা, সহকর্মীদের স্বাস্থ্যগত সংগ্রাম, এবং অন্যান্য জরুরি প্রয়োজনসমূহ যা মাঝে মাঝে আমাদের কার্যক্রমকে বিলম্বিত করেছিল। তবুও, ঈশ্বর তাঁর মহান হাত দিয়ে প্রতিটি পরীক্ষাকে তাঁর গৌরবের সাক্ষ্যে পরিণত করেছেন। আজ আমরা নতুন উদ্যম ও নবতর উৎসাহ নিয়ে এই কাজ চালিয়ে যাচ্ছি।

আমরা আন্তরিকভাবে আপনাদের প্রার্থনা কামনা করি, যেন প্রভুর ঐশ্বরিক শক্তি ও সহায়তা বর্ষিত হয় তাঁদের উপর, যারা নিষ্ঠার সঙ্গে শ্রম করে যাচ্ছেন — আমাদের নিবেদিতপ্রাণ গির্জার কর্মীরা, ক্ষেত্রের মিশনারীরা, প্রেসের কর্মীরা, অফিসের কর্মীবৃন্দ, নহিমিয় বাইবেল কলেজের কর্মচারীরা, এবং সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের শিক্ষক শিক্ষিকাগণ ও অশিক্ষক কর্মচারীবৃন্দ।

বর্তমানে আমরা নিবেদিতপ্রাণ কর্মীদের অভাবে ভুগছি, যার ফলে বিভিন্ন ক্ষেত্রে বিলম্ব ঘটছে - যেমন আমাদের সিনিয়র পাস্টরের আত্মজীবনীর কাজ সম্পন্ন করা, আবাসিক হিন্দি নহিমিয় বাইবেল কলেজের সম্প্রসারণ, বিভিন্ন প্রশাসনিক দায়িত্ব, এবং সামগ্রিকভাবে গির্জার উন্নয়ন। আমরা আপনাদের প্রার্থনা কামনা করি, যেন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা ও পূর্ণসময়ের প্রতিশ্রুতিবদ্ধ পরিচর্যাকারীরা এগিয়ে এসে এই সেবাকার্যের বোঝা ভাগ করে নেন।

এই সময়ে, যখন অনেক পরিচর্যাগুলি ঈশ্বরের বাক্যের মৌলিক সত্য থেকে দূরে সরে গিয়ে জাগতিক ধারা ও ব্যবস্থার দিকে ঝুঁকছে, তখন প্রভু যেন আমাদের প্রতি করুণা করেন, তাঁর আত্মাকে নতুনভাবে আমাদের উপর বর্ষণ করেন, এবং আমাদেরকে ঐক্যবদ্ধ করেন যাতে আমরা তাঁর গৌরবের জন্য একসঙ্গে সেবা করতে পারি।

আমরা আরও আপনাদের অনুরোধ করছি, যেন আপনারা প্রার্থনায় সকল পরিচর্যাগুলিকে ও সেই পরিচর্যাকারীদের স্মরণ করেন যারা আত্মিক যুদ্ধক্ষেত্রের সামনের সারিতে দাঁড়িয়ে আছেন — তারা আপনাদের জন্যে শত্রুদের দুর্গের বিরুদ্ধে সংগ্রাম করছেন।

নিশ্চয়ই ঈশ্বর সর্বদা মহান !

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ** E.mail : sam@echoofhiscall.org

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) · BIBLECOR - Postal Courses (3 languages) · YouTube Ministry · Online Courses · Theological Correspondence Courses (2 languages) · Church Planting · Nehemiah Bible Colleges · Gospel Printing Press · Great Commission Partners · St. Paul's Matriculation School · Crusades · Community Development

(ক্রমশঃ, ১ পাতার পর)

গত মাসে, আমি আমাদের হৃদয়কে পাহারা দেওয়ার গুরুত্বের বিষয় লিখেছিলাম যাতে আমরা ঈশ্বরের আশীর্ব্বাদ লাভ করতে পারি। আমি যখন



ঈশ্বর আমাদের পরিবার, আমাদের চার্চগুলি, আমাদের নগরগুলি, এবং আমাদের জাতিগণের উপর আমাদের পাহারাদার রূপে নিযুক্ত করেছেন।

"পাহারা" শব্দটির ওপর ধ্যান করছিলাম, তখন আমাকে স্মরণ করিয়ে দেওয়া হয়েছিল যে আমাদের ওপর যে সমস্ত দায়িত্বের ভার অর্পণ করা হয়েছে, সেই সমস্ত বিষয়গুলির ওপর প্রহরী-পাহারাদার হওয়ার জন্য ঈশ্বর আমাদের প্রত্যেককে আহ্বান করেছেন। যিহিষ্কেল ৩:১৭ পদে, আমরা পাঠ করি: **'হে মানবসন্তান, ইস্রায়েল কুলের জন্য আমি তোমায় পাহারাদার বানিয়েছি ...।"** ঈশ্বর আমাদের পরিবার, আমাদের চার্চগুলি, আমাদের নগরগুলি, এবং আমাদের জাতিগণের উপর আমাদের পাহারাদার রূপে নিযুক্ত করেছেন।

একজন পাহারাদার চুপ করে থাকতে পারে না। শাস্ত্রে বলা হয়েছে, **'জেরুশালেম, আমি তোমার প্রাচীরগুলিতে পাহারাদার নিযুক্ত করেছি; তারা দিনে বা রাতে, কখনও নীরব থাকবে না। তোমরা যারা সদাপ্রভুকে ডাকো, তোমরা নিজেদের বিশ্রাম দিয়ো না'** (যিশাইয় ৬২:৬)।

একজন বিশ্বস্ত পাহারাদারকে বিপদের ক্ষীণতম সংকেত দেখার জন্য, শোনার জন্য, এবং সনাক্ত করার জন্য অবশ্যই সজাগ থাকতে হবে। আমাদের আত্মিকভাবে জেগে থাকার জন্য এবং যখনই আমরা সামনে কোনও বিপদ দেখবো তখনই যেন আমরা সতর্ক থাকতে পারি তার জন্য আমাদের আহ্বান করা হয়েছে। রক্ষাকারী হন। সজাগ থাকুন! আসুন আমরা আসন্ন সমস্ত কিছুর জন্য অন্যদের বিশ্বস্তভাবে সতর্ক এবং প্রস্তুত করি।

যিহিষ্কেল ৩৩:৬ পদ আমাদের সতর্ক করে যে **আমরা যদি বিপদ সংকেতের শব্দ না করি এবং অন্যদের সতর্ক না করি,তাহলে তাদের রক্তের দায় আমাদের হাতে বর্তাবে।** যিরমিয় ৫১:১২ আমাদের **রক্ষকদের সাহস দানের বিষয় এবং প্রহরীগণকে নিযুক্ত করার বিষয়ে** অনুরোধ করা হয়েছে।

কিন্তু এই দায়িত্বটি কেবল অন্যদের সতর্ক করার জন্য নয়, এটি আমাদের নিজেদের জীবনকেও রক্ষা করার জন্য প্রয়োগ করতে হবে। ঈশ্বরের পরিকল্পনা এবং উদ্দেশ্য থেকে আমাদের দূরে নিয়ে যাওয়ার জন্য অগণিত বিভ্রান্তি এবং প্রলোভন আছে। আমরা যদি সজাগ না থাকি, তাহলে অতি সহজেই আমরা পতিত হবো। আমরা ঈশ্বরের পাহারাদার পুরুষ এবং স্ত্রী হওয়ার জন্য আহূত হয়েছি।

কিন্তু এখানে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন হলো: আমরা কি সত্যিই প্রহরী হিসেবে আমাদের দায়িত্ব পালন করছি, যেমন ঈশ্বর আমাদের আহ্বান করেছেন পাহারা দেওয়ার জন্য?

একজন বিশস্ত প্রহরীর প্রধান গুণগুলোর মধ্যে



আমাদের চারিদিকে যা কিছু ঘটছে সেই সকল বিষয়ে আমাদের অবশ্যই সতর্ক এবং সচেতন থাকতে হবে।

অন্যতম হলো সতর্ক, জাগ্রত এবং সচেতন থাকা।

সতর্কতা মানে হলো আশেপাশের ক্ষুদ্রতম পরিবর্তন বা নড়াচড়ার প্রতিও সংবেদনশীল থাকা।

সচেতনতা মানে হলো যে এলাকা আমরা পাহারা দিচ্ছি, তার শক্তি, দুর্বলতা, ত্রুটি ও সম্ভাব্য দুর্বল দিকগুলো জানা।

জাগ্রত থাকা সম্ভবত এদের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ গুণ, কারণ যদি আমরা জাগ্রত না থাকি, তাহলে আমাদের চারপাশে কী ঘটছে সেই সম্পর্কে

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।


আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India
Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org

আমরা সচেতন বা সতর্ক থাকতে পারি না।

এই শেষ দিনগুলোতে, ঈশ্বর আমাদের আহ্বান করছেন আত্মিকভাবে জাগ্রত, সচেতন ও সতর্ক থাকতে।



## ১ কিন্তু যারা ঘুমিয়ে আছে, তারা কারা ?

মথি ১৩ : ১৫ পদে, যীশু খ্রীষ্ট উত্তর দিয়েছেন:

**"কেননা এই লোকদের হৃদয় অসাড় হইয়াছে, শুনিতে তাহাদের কর্ণ ভারী হইয়াছে, ও তাহারা চক্ষু মুদ্রিত করিয়াছে...।"**




আমাদের হৃদয়কে অবশ্যই ঈশ্বরের রব শুনতে হবে

অন্যভাবে বলতে গেলে, এরা সেই মানুষ যাদের হৃদয় কঠিন হয়ে গেছে। তারা প্রেম, আশা, ও ধার্মিকতার বার্তা শুনেছে-তবুও তারা তাদের আচরণ পরিবর্তন করতে অস্বীকার করে। অ্যামপ্লিফায়েড বাইবেলে বলা হয়েছে, **"তারা তাদের চোখ শক্তভাবে বন্ধ করে রেখেছে। তারা দেখতে চায় না।"**

যীশু খ্রীষ্ট এমন লোকদের বর্ণনা করেছিলেন এইভাবে: **"তারা তাদের ওষ্ঠ দিয়ে আমাকে সম্মান করে, কিন্তু তাদের হৃদয় আমার থেকে দূরে।"**

যদি আমাদের হৃদয় ঈশ্বরের কণ্ঠ শুনতে আগ্রহী না হয়, তবে আমরা আত্মিকভাবে নিদ্রিত। যদি আমরা ঈশ্বর যা বলছেন তা শুনতে না পাই, যদি আমরা ঈশ্বরের কার্য দেখতে না পাই, তবে আমরা আত্মিকভাবে ঘুমিয়ে আছি-এবং আমরা অসহায়।



প্রহরীরা যখন ঘুমাচ্ছিল,
শত্রু নিঃশব্দে এসে গমের মধ্যে
আগাছা বপন করে চলে গেল,

## ২। যখন আমরা ঘুমাই, তখন কী ঘটে ?

মথি ১৩ অধ্যায়ে, আমরা এক শক্তিশালী দৃষ্টান্ত পাই — এক জমির মালিক তার ক্ষেতে ভালো বীজ বপন করলেন এবং তা দেখাশোনার দায়িত্ব তার দাসদের দিলেন। কিন্তু প্রহরীরা যখন ঘুমাচ্ছিল, শত্রু নিঃশব্দে এসে গমের মধ্যে আগাছা বপন করে চলে গেল, কেউ টেরও পেল না। পরে যখন গাছগুলি গজাতে শুরু করল, কর্মীরা দেখল গম ও আগাছা একসাথে বেড়ে উঠছে।

**"কিন্তু লোকে নিদ্রা গেলে পর তাঁহার শত্রুরা আসিয়া ঐ গোমের মধ্যে শ্যামাঘাসের বীজ বপন করিয়া চলিয়া গেল"** (মথি ১৩:২৫)।

## ৩। ঘুমানোর সময় শত্রু এসেছিল

আসুন, এই পদটি নিয়ে গভীরভাবে চিন্তা করি: যখন তারা ঘুমাচ্ছিল,শত্রু এসে গেল !"

রাতের নীরবতার মধ্যে কে প্রবেশ করেছিল ?

— শত্রু।

আমরা যেমন প্রহরী, আমাদের জাগ্রত ও সতর্ক থাকার দায়িত্ব দেওয়া হয়েছে। আমরা যখন আত্মিকভাবে ঘুমিয়ে পড়ি, তখন আমাদের সচেতনতা হারিয়ে যায়,আর শত্রু সেই সুযোগে আমাদের অসুরক্ষিত মুহূর্তগুলোর সদ্ব্যবহার করে।

এই কারণেই শাস্ত্রে বারবার আমাদের আহ্বান জানায় — **জেগে থাকো ও প্রার্থনা করো** — মথি ২৬:৪১

**" ভণ্ড ভাববাদীদের থেকে সাবধান "** — মথি ৭:১৫

**"তোমরা সচেতনভাবে ও ধন্যবাদের সঙ্গে প্রার্থনায় নিবিষ্ট থাকো !"**— কলসীয় ৪:২

**"...সতর্ক থেকো..."**(মথি২৪:৪২)।

এই সমস্ত পদই আমাদের শেখায় যে জাগ্রত ও সতর্ক থাকা কতটা প্রয়োজনীয়। তবুও, এই দৃষ্টান্তে দেখা যায়, দাসরা ঘুমিয়ে পড়েছিল —আর তখনই শত্রু এসে গেল।

প্রিয় বন্ধগণ, শত্রু সব সময় সেই সুযোগ খোঁজে যখন আমরা অসতর্ক, বিভ্রান্ত, বা আত্মিকভাবে ঘুমিয়ে পড়ি। সে গর্জনকারী সিংহের মতো ঘুরে বেড়ায়, আমাদের শরীরের উপর ঝাঁপিয়ে পড়ার উপযুক্ত সময়ের অপেক্ষায় থাকে, যাতে আমরা হোঁচট খাই, যাতে আমরা পতিত হই। আর সেই কারণে আমাদের সদাসর্বদা জাগ্রত থাকতে হবে।



তাঁর সঙ্গে ঘনিষ্ঠ ও সঙ্গতিপূর্ণ গমনাগমন
বজায় রাখতে হবে।

আমরা কীভাবে আত্মিকভাবে জাগ্রত ও ঈশ্বরের কণ্ঠস্বরের প্রতি সংবেদনশীল থাকব? ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ ও ধারাবাহিক সম্পর্ক বজায় রাখার মাধ্যমে। আমরা নিজেদের, আমাদের পরিবার, আমাদের গীর্জা, আমাদের নগর বা জাতিকে রক্ষা করতে পারব না যদি আমাদের প্রভুর সঙ্গে সম্পর্কটি ঋতুভিত্তিক বা অর্ধহৃদয় হয়।

(ক্রমশঃ, ৭ পাতায়)

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে নভেম্বর থেকে ১৮ই ডিসেম্বর পর্যন্ত, ২০২৫)

ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1989

(অনগ্রহ করে এই পষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনগ্রহ করে এই পষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**নভেম্বর ১৯ :** আমাদের বহুমুখী কার্যকলাপগুলি সুরক্ষার ক্ষেত্রে তাঁর আশীর্ব্বাদের জন্য।

**দিন ২০:** আমাদের প্রতি তাঁর অব্যর্থ স্নেহ ও ভালোবাসার জন্য।

**দিন ২১:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২২:** গতমাসে তিনি আমাদের অনুগ্রহপূর্ণ ভাবে পরিচালিত করেছেন।

**দিন ২৩:** আমাদের ক্ষেত্রে কর্মরত মিশনারীদের এবং তাদের পরিবারগুলির উপর তাঁর আশীর্ব্বাদ বর্ষণের জন্য।

**দিন ২৪:** আমাদের মণ্ডলীতে নতুন বিশ্বাসীদের সংযুক্ত করার জন্য।

**দিন ২৫:** আমাদের সমস্ত কর্মীসদস্য এবং তাদের পরিবারগুলির উপর তাঁর আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৬:** বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার সম্প্রসারিত করার বিষয়ে আমাদের বরিষ্ঠ পালকের প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৭: তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** প্রতি তাঁর পরিচালনা এবং আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৮:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলির সাণ্ডে স্কুলগুলিতে আরও অধিক শিশুদের সংযুক্ত করার জন্য।

**দিন ২৯:** আমাদের ইউটিউব মিডিয়া পরিষেবার মাধ্যমে সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার সম্প্রসারিত করতে আমাদের সাহায্য করার জন্য।

**দিন ৩০:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণার জন্য।

**ডিসেম্বর ০১:** আমাদের সহযোগী সম্পাদক, এবং কো-অর্ডিনেটর এবং তাদের পরিবারগুলির উপর তাঁর আশীর্ব্বাদের জন্য।

**দিন ০২:** আমাদের হাসপাতাল পরিষেবায় তাঁর অলৌকিক কাজগুলির জন্য।

**দিন ০৩** সহযোগী সম্পাদকদের জন্য যারা বিশ্বস্তভাবে তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা পরিষেবাটিকে সাহায্য করছেন।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪: গ্লোবাল ভিসন ফর ইয়ুথ এ্যাণ্ড কিড-এর** উদ্দেশে আমাদের বিশ্ব দর্শনের সঙ্গে যেন আরও লোক তাদের নাম লেখায়, এবং এই প্রজন্মের যুবক যুবতী ও শিশুদের জন্য মধ্যস্থতাকারী প্রার্থনা করে।

**দিন ৫:** আমাদের ইউ টিউব পরিষেবার মাধ্য যেন অগণিত মানুষ পরিত্রাণ লাভ করে।

**দিন ৬:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলোর বিশ্বাসীদের প্রতি তাঁর স্বর্গীয় সুরক্ষা এবং সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৭:** বিশ্বব্যাপী সমস্ত খ্রীষ্টিয় পরিষেবাগুলির মধ্যে উদ্দিপনা আনার জন্য।

**দিন ৮:** আমাদের বরিষ্ঠপাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সমস্ত মন্দশক্তির হাত থেকে ঈশ্বরের সুরক্ষার জন্য।

**দিন ৯:** আমাদের পরিচর্যাগুলির সম্প্রসারণ ও বিশ্বব্যাপী সুসমাচার প্রচারের জন্য।

**দিন ১০:** সমস্ত ধর্মগুলির মধ্যে একতা এবং সংহতির জন্য।

**দিন ১১:** বিশ্বব্যাপী ঘূর্ণিঝড় এবং ভুমিকম্পের মতো প্রাকৃতিক বিপর্যয়গুলি নিবারণের জন্য।

**দিন ১২:** বিশ্বব্যাপী বয়োসন্ধিকালীন শিশু ও ইয়ুথদের মধ্যে আত্মহত্যার প্রবণতা দূর করার জন্য।

**দিন ১৩: সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল** এবং **নহিমিয় বাইবেল কলেজগুলির** শিক্ষার্থীদের এবং শিক্ষকদের স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ১৪:** পৃথিবীব্যাপী মিশনারীদের উপর ঈশ্বরের স্বর্গীয় সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলির সমস্ত বিশ্বাসীদের আত্মিক এবং শারীরিক কল্যাণের জন্য।

**দিন ১৬:** আমাদের সংস্থায় উপযুক্ত এবং নিবেদিত কর্মীদের নিযুক্তির জন্য।

**দিন ১৭:** আমাদের কর্মীবৃন্দ এবং মুদ্রণের সঙ্গে সংযুক্ত দলটির উপর ঈশ্বরের সুরক্ষাকারী হস্তের জন্য। তাদের কাজের সময় ঈশ্বর যেন তাদের নিরাপদ এবং সুস্থ রাখেন।

**দিন১৮:** সমস্ত জাতিদের মধ্যে ঐক্য ও শান্তির জন্য।

## ৪। "মধ্যে" শব্দটি

এই অংশের একটি উল্লেখযোগ্য বিবরণ হলো "মধ্যে" শব্দটি। শত্রু কোথায় আগাছা বপন করেছিল? দূরে নয়, অন্য কোনো ক্ষেতে নয়, বরং ভালো বীজের মধ্যে। শত্রু খুব ভালোভাবেই জানে কখন এবং কোথায় তার আগাছা বপন করতে হবে — ঈশ্বর যেখানে রোপণ করেছেন, তার মধ্যেই, এবং একই বৃদ্ধি -ঋতুতে।

আমার বিশ্বাস, সে সঠিক মুহূর্তের জন্য অপেক্ষা করছিল, যেমন কৃষকের দৃষ্টান্তে শত্রু করেছিল। আমরা প্রায়ই দেখি বীজের মাঝখানে আগাছা জন্মায়, যা জীবনীশক্তি শুষে নেয়। আগাছা পুষ্টি কেড়ে নেয়, বৃদ্ধি বাধাগ্রস্ত করে এবং সুস্থ গাছ নষ্ট করে ফেলে। এগুলো দ্রুত ছড়িয়ে পড়ে,অগ্নিকাণ্ডের মতো।

একইভাবে, আমাদের জীবনে আমরা আগাছা খুঁজে পাব — পরিবারের সদস্যদের মধ্যে, গির্জার সদস্যদের মধ্যে, বন্ধুদের মধ্যে, এমনকি সেবার




চোর আমাদের আনন্দ, শান্তি
এবং স্বাস্থ্য চুরি করে

কর্মীদের মধ্যেও। এই আগাছাগুলি আমাদের আনন্দ, শান্তি ও স্বাস্থ্য চুরি করার চেষ্টা করে, এবং মিথ্যা ও প্রতারণার মাধ্যমে সম্পর্ক নষ্ট করে। এই কারণেই আমাদের বিচক্ষণতার আত্মার প্রয়োজন, যাতে আমরা শয়তানের ষড়যন্ত্র ও কৌশলগুলি চিনতে পারি।

বারবার দেখা যায়, যীশু খ্রীষ্ট যখন মানুষের সঙ্গে ছিলেন, তখন শাস্ত্র বলে যে, তিনি "তাদের চিন্তা জানতেন" বা "তাদের দুষ্ট ভাবনাগুলি জানতেন।" প্রহরী হিসাবে, আমাদেরও চারপাশের



তোমরা সর্পের ন্যায় সতর্ক ও কপোতের
ন্যায় অমায়িক হও

মানুষের ব্যাপারে সতর্ক থাকতে হবে। যীশু খ্রীষ্ট সতর্ক করে বলেছেন, **"দেখ, কেন্দুয়াদের মধ্যে যেমন মেষ, তেমনি আমি তোমাদিগকে প্রেরণ করিতেছি, অতএব তোমরা সর্পের ন্যায় সতর্ক ও কপোতের ন্যায় অমায়িক হও"** (মথি ১০:১৬)।

পবিত্র আত্মাই সেইজন, যিনি আমাদের সমস্ত সত্যের মধ্যে পরিচালিত করেন। তাই এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা আমাদের মধ্যে বাসকারী উপস্থিতিকে মূল্য দিই এবং তাঁর উপর নির্ভর করি আমাদের পরিচালনার জন্য। আমাদের বুঝতে হবে, ভালো মানুষের মধ্যেও কিছু লোক থাকবে যাদের উদ্দেশ্য মন্দ, এবং প্রায়ই তাদের আলাদা করা সহজ নয়। অনেক সময় দয়ালু, সহানুভূতিশীল এবং যত্নশীল লোকেরাই এমন মন্দ লোকদের দ্বারা আঘাতপ্রাপ্ত হয়। এই কারণেই আমাদের সতর্ক থাকতে হবে। প্রতারিত হয়ো না। কাউকে যেন তোমার সুযোগ নিতে না দেও।

## ৫। উভয়কে একত্রে বাড়িতে দেও:

উপমাটির একটি উল্লেখযোগ্য দিক হলো ভালো বীজ এবং আগাছা দেখতে একই রকম হতে পারে। মথি ১৩:২৬ পদে আমরা পাঠ করি যে, গম এবং আগাছা একসঙ্গে বেড়ে উঠল,একই সময়ে দেখা দিল এবং প্রায় একই রকম দেখাতে লাগল। বাইবেলের পণ্ডিতেরা ব্যাখ্যা করেন যে, এই বিশেষ আগাছাটিকে "ডারনেল" বলা হয়,এটি এমন এক ধরণের গাছ যার গমের সঙ্গে খুব মিল আছে। দুটিকে গুলিয়ে ফেলা সহজ।

দাসেরা বিভ্রান্ত হয়ে প্রভুর কাছে গিয়ে জিজ্ঞাসা করল, **"মহাশয়, আপনি কি নিজ ক্ষেত্রে ভাল বীজ বুনেন নাই? তবে শ্যামাঘাস কোথা হইতে হইল"** (মথি ১৩:৩৭)? অলস দাসেরা ভাবছিল, এই আগাছা কোথা থেকে এলো? এটা কি আমাদের পরিচিত শোনায় না? আমরা কতবার ঈশ্বরকে জিজ্ঞাসা করি, "আমার জীবনে এটা কেন ঘটল? এটা কোথা থেকে এলো?"

(ক্রমশঃ, ৯ পাতায়)

ECHO OF HIS CALL
REACHING NATIONS
SINCE 1959

# নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা:
১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),
ঈশতত্ত্বে ডিপ্লোমা & Bachelor of Theology

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 56 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুব:

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery
7. Great Commission Partners (Network of Pastors)
8. Training Programmes – Seminars & Retreats
9. Crusades
10. Literature Distribution and Follow Up
11. Gospel Printing Press – Publications
12. St. Paul's Matriculation School - Village English High School
13. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
14. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
15. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
16. **Tamil Service : 8.30 a.m. Sunday**
17. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
18. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
19. **Telugu Service : 4.00 p.m. Sunday**
20. **Hindi Service : 5.00 p.m. Sunday**
21. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
22. Feedback Time : 7.30 p.m. Sunday
23. Women's Prayer : 5.30 p.m. Wednesday
24. Men's Prayer : 7.30 p.m. Friday
25. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
26. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
27. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
28. Ministers' Meeting : 5.30 p.m. First Saturday
29. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
30. Night Prayer : 9.30 p.m. Third Friday
31. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
32. Holy Communion : Second Sunday Service
33. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
34. Staff Devotion : 9.00 a.m. daily
35. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভান্স্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ

# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)



## একটি বিমান যা আমাকে শিক্ষা দিয়েছিল !

**লোভী মানুষেরা বিবাদ জাগিয়ে তোলে, কিন্তু যারা সদাপ্রভুতে নির্ভর করে তারা উন্নতি লাভ করবে" (হিতোপদেশ ২৮:২৫)।**

১৯৭০-এর দশকে, আমার এক বন্ধু আমাকে এক দরিদ্র মহিলার জন্য প্রার্থনা করতে "নাজারেথুপেট" নামে একটি ছোট গ্রামে নিয়ে গিয়েছিলেন, যিনি শয়তানের দ্বারা অত্যাচারিত হচ্ছিলেন। তিনি এমন বহু রোগে ভুগছিলেন, যা চিকিৎসকেরা নিরাময় করতে পারছিলেন না। যেহেতু তখন সন্ধ্যা হয়ে গিয়েছিল,আমি সেখানে থেকে সারা রাত তাঁর জন্য প্রার্থনা করেছিলাম। ঈশ্বর করুণাপূর্বক আমাদের প্রার্থনা শুনলেন এবং তাঁকে আশ্চর্যজনকভাবে আরোগ্য দান করলেন।

পরের দিন সকালে আমি গ্রামটি ছেড়ে দিলাম এবং আমার অর্থ দিয়ে একটি সাধারণ প্রাতঃরাশ করলাম। তখনই বুঝতে পারলাম, বাড়ি ফেরার বাসভাড়া আমার কাছে নেই। আমি আমার পরিস্থিতি নিয়ে চিন্তা না করে,আমার সঙ্গে থাকা সুসমাচারের পুস্তিকাগুলো তুলে নিলাম এবং পথে পথে মানুষকে তা বিতরণ করতে করতে হাঁটতে লাগলাম। কিছু সময় পর ক্ষুধা, ক্লান্তি ও অবসাদ আমাকে গ্রাস করতে শুরু করল।

কিন্তু পবিত্র আত্মা আমাকে সরাসরি বাড়ি যেতে দিলেন না। তিনি আমাকে "পাস্টর অবেদ-নগোর" কাছে যেতে নির্দেশ দিলেন। তিনি তৎকালীন সময়ে তাম্বারামে তাঁর "লাইফ-ওয়ে" চার্চের মাধ্যমে দরিদ্রদের মধ্যে সেবা করছিলেন। তখন পাস্টর অবেদ-নগো, প্রয়াত ব্রাদার ইম্মানুয়েল, "লাইফ- ওয়ে এসিএ চার্চের (চিদাম্বরম) পাস্টর থমাস, এবং ব্রাদার পোলিশ চেল্লাদুরাই (যিনি এখন আমেরিকায় একজন প্রসিদ্ধ ঈশ্বরের দাস) উপবাস প্রার্থনা সভা করছিলেন।

প্রার্থনা শেষে, পাস্টর অবেদ-নগোর স্ত্রী লক্ষ্য করলেন যে আমি ক্ষুধার্ত, এবং তিনি সস্নেহে আমাকে খাবার পরিবেশন করলেন। এদিকে, ব্রাদার পোলিশ চেল্লাদুরাই, যিনি তাড়াহুড়ো করে বিমানবন্দরে তাঁর দায়িত্ব পালনের উদ্দেশ্যে যাচ্ছিলেন, আমাকে তাঁর সঙ্গে যেতে আমন্ত্রণ জানালেন। তিনি বললেন, তিনি আমাকে বিমানবন্দরে নিয়ে গিয়ে কাছ থেকে কিছু বিমান দেখাবেন। তাঁর উদ্দেশ্য ছিল আমাকে উৎসাহ দেওয়া — যেন আমি সেবাকার্যের ভারে ক্লান্ত না হই, বরং নতুন কিছু দেখে আনন্দ ও সতেজতা লাভ করি।

### মেরামতের অধীনে থাকা একটি বিমান !

বিমানবন্দরে আমি একটি বিমান দেখলাম, যার যাত্রীদের নামতে বলা হয়েছিল, কারণ সেটিতে একটি প্রযুক্তিগত ত্রুটি দেখা দিয়েছিল। কয়েক মিনিটের মধ্যেই বিশেষজ্ঞদের ডেকে আনা হলো, এবং তারা সমস্যা সমাধানের চেষ্টা করলেন, কিন্তু ব্যর্থ হলেন। অল্প সময়ের পর অন্য স্থান থেকেও প্রকৌশলীদের আনা হলো, এবং তারা ক্লান্তিহীনভাবে সেই বিমানের ওপর কাজ করতে লাগলেন। আমি বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করলাম, কত অধ্যবসায়ের সঙ্গে তারা সেটি মেরামতের চেষ্টা করছেন।

এদিকে, অপেক্ষমান যাত্রীরা ধৈর্য হারাতে শুরু করলেন। তারা উচ্চস্বরে বলতে লাগলেন যে, তারা কোনোভাবেই এমন বিমানে উঠবেন না, যা মেরামতের অধীনে ছিল। তারা বিমানটির ব্যাপারে তাচ্ছিল্যের সুরে কথা বললেন।

দীর্ঘ তিন ঘণ্টা পর, প্রকৌশলীরা অবশেষে বিমানটিকে উড্ডয়নের উপযুক্ত করে তুললেন। রৌদ্রের তাপে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষামাণ যাত্রীরা,-তরুণ ও প্রবীণ-বিমানটিতে আরোহণ শুরু করলেন। আমিও তাদের মাঝে দাঁড়িয়ে ছিলাম। তখন আমি বিস্মিত হলাম, যখন যাত্রীরা আমাকেও উঠতে বলল।

সেই মুহূর্তে, পবিত্র আত্মা আমাকে মৃদুভাবে অনুপ্রাণিত করলেন,যেন আমি লক্ষ্য করি বিমানটি কীভাবে চলতে শুরু করল। যে বিমানটিকে অযোগ্য বলে মনে করা হয়েছিল, সেটি ধীরে ধীরে চলতে শুরু করল, তারপর রানওয়েতে গতি বাড়াল। কয়েক সেকেণ্ডের মধ্যেই,তা প্রবল শক্তিতে উড্ডয়ন করল এবং আকাশে উঠে গেল। যে বিমানটিকে ঘণ্টার পর ঘণ্টা ধরে ওড়ার অযোগ্য বলা হচ্ছিল, সেটিই হঠাৎ শক্তি ও গৌরবে ভর করে উড়তে শুরু করল।

### আর ঈশ্বর আমার সঙ্গে কথা বলেছিলেন !

"আমার পুত্র স্যাম,আজ তুমি হয়তো নিজেকে পরিত্যক্ত, অগ্রাহ্য, এবং অকাজের একটি পাত্র বলে অনুভব করছো। তবুও, তোমার গন্তব্যে পৌঁছাতে

হলে তোমাকে বিশ্বাসের দীর্ঘ পথে চলতে হবে। যেমন মেরামতের অধীনে থাকা বিমানটি পুনরুদ্ধার ও যোগ্য করা হয়েছিল, তেমনি তোমাকেও পুনরুদ্ধার হতে হবে এবং যোগ্য করে তোলা হবে। নির্ধারিত সময়ে, আমার সময়মতো, আমি তোমাকে আশীর্বাদ করব। যেমন সেই বিমানটি অনেক মানুষকে বহন করেছিল, তেমনি আমিও তোমাকে বহু মানুষের জন্য আশীর্বাদের পাত্র বানাব। ভয় পেও না, কারণ আমি তোমার সঙ্গে আছি।"

আমি প্রায় ২০ কিলোমিটার হাঁটার পর আমার স্থানে ফিরে এলাম। আজ আমি সাক্ষ্য দিতে পারি যে, সেই কঠিন দিনগুলোতে প্রভু আমাকে যা বলেছিলেন, তা পূর্ণ হয়েছে।

প্রিয় বন্ধুগণ, কখনও কি দারিদ্র, বিরোধীতা বা জীবনের ভারে আপনি ক্লান্ত হয়ে পড়েন? ভয় পাবেন না! কারণ লিখিত আছে:

**"আর তোমাদের বলা হবে সদাপ্রভুর যাজকবৃন্দ,**
**তোমরা আমাদের ঈশ্বরের পরিচারকরূপে আখ্যাত হবে।**
**তোমরা জাতিসমূহের ঐশ্বর্য ভোগ করবে,**
**আর তাদেরই ধনসম্পদে তোমরা গর্ব করবে।** - যিশাইয় ৬১:৬

*************

(৬ পাতার পর)

কেন আমার সঙ্গে এমন হচ্ছে?

তারা সামান্যই বুঝেছিল যে মালিক বীজ বপন করা ছাড়া আর কিছুই করেননি। ঈশ্বর সর্বদা আমাদের মঙ্গলের জন্যই কাজ করেন। এমনকি যখন তা আমাদের কাছে ভালো বলে মনে হয় না, তখনও তিনি আমাদের উপর আশীর্বাদ বর্ষণ করেন।

**"সমস্ত উৎকৃষ্ট ও নিখুঁত দান ঊর্দ্ধলোক থেকে, আকাশের জ্যোতিষ্কমণ্ডলীর সেই পিতা থেকে আসে, যিনি অপসৃয়মান ছায়ার মতো পরিবর্তিত হন না"** (যাকোব ১:১৭)।

মালিকের উত্তর ছিল সহজ: "তাদের বেড়ে উঠতে দাও।"



মালিকের উত্তর ছিল সহজ:
"তাদের বেড়ে উঠতে দাও।"

কখনও কখনও আমরা এই ভেবে অবাক হই যে যারা তাদের সমস্ত হৃদয়, মন, এবং প্রাণ দিয়ে ঈশ্বরের সেবা করে তাদের থেকে যারা ঈশ্বরকে সন্তুষ্টকারী উপায়ে জীবনযাপন করে না তারা অধিক আশীর্বাদপ্রাপ্ত বলে মনে হয়। কেন এমন হয় যে, আমি ঈশ্বরের সন্তান হয়েও দুঃখভোগ করি, অথচ অন্যেরা, যদিও তারা পাপে নিমগ্ন, তারা যেন সুখে জীবন যাপন করে? এর উত্তর স্পষ্ট: "ওদের বেড়ে উঠতে দাও।"

ঈশ্বর দয়ালু। তাঁর অনুগ্রহ আমাদের কল্পনারও বাইরে প্রসারিত। তিনি মানুষকে পরিবর্তনের সময় ও সুযোগ দেন। তিনি সূর্যকে ন্যায়বান ও অন্যায়বান উভয়ের উপরই উদয় করান। কিন্তু একদিন সবকিছু আলোতে প্রকাশিত হবে—"ফসল কাটার সময়।"

## ৬। ফসল কাটার সময়!

যখন দাসেরা গমের মধ্যে জন্মানো আগাছা উপড়ে ফেলতে চাইল, তখন মালিক বললেন, "না।" উভয়ই যখন বেড়ে উঠছিল, তখন স্পষ্ট পার্থক্য দেখা যাচ্ছিল না। তবু আমাদের মনে রাখতে হবে — গম ও আগাছা উভয়ই একদিন ফসল কাটার সময়ে মুখোমুখি হবে —যে দিনটি হচ্ছে বিচারের দিন। তখন পার্থক্য স্পষ্ট হবে, যখন আমরা বিচারাসনের সামনে দাঁড়াব।

মালিক ঘোষণা করলেন:

**"শস্য কাটার দিন পর্যন্ত উভয়কে একসঙ্গে বাড়তে দাও। সেই সময়ে, আমি শস্যচয়নকারীদের বলে দেব: প্রথমে শ্যামাঘাস সংগ্রহ করে পোড়াবার জন্য আঁটি বাঁধো, তারপরে গম সংগ্রহ করে আমার গোলাঘরে এনে মজুত করো"** (মথি ১৩:৩০)।

তাহলে প্রশ্নটি হল, আজ আমাদের নিজেদেরকে জিজ্ঞাসা করতে হবে: আমরা কোন আঁটির অন্তর্ভুক্ত?

ঈশ্বর আমাদের এত গভীরভাবে ভালোবাসেন যে তিনি চান না কেউ সেই আঁটির মধ্যে থাকুক যা অনন্ত মৃত্যুর জন্য নির্ধারিত —যেখানে অবিরত **"রোদন ও দন্ত ঘর্ষন"** হবে (মথি ১৩:৪২)। এই কারণেই যীশু খ্রীষ্ট এই পৃথিবীতে এসেছিলেন: আমাদের পাপ, অভিশাপ, রোগব্যাধি, হতাশা ও শূন্যতা বহন করার জন্য। তিনি ক্রুশবিদ্ধ হয়েছিলেন আমাদের জন্য। তিনি মৃত্যুর স্বাদ গ্রহণ করেছিলেন। কিন্তু মৃত্যু তাঁকে ধরে রাখতে পারেনি। তৃতীয় দিনে তিনি পুনরুত্থিত হলেন, প্রমাণ করলেন যে তিনি একজন বিজয়ী অপেক্ষা অধিক বিজয়ী।

যেমন তিনি প্রতিশ্রুতি দিয়েছেন, তিনি আবার আসবেন — পৃথিবীর বিচার করতে। চিরন্তন বিনাশের থেকে রক্ষা পাওয়ার একমাত্র পথ হলো যীশু খ্রীষ্টকে আমাদের ত্রাণকর্তা হিসেবে গ্রহণ করা, তাঁকে আমাদের জীবনের প্রভু ঘোষণা করা, এবং তাঁরই অনুগত হওয়া। এটাই একমাত্র মুক্তির পথ।

বাইবেলে বলা হয়েছে:

**"তখন ধার্মিকেরা তাদের পিতার রাজ্যে সূর্যের মতো দীপ্যমান হবে। যার কান আছে, সে শুনুক"** (মথি ১৩:৪৩)।

**ঈশ্বর চান আমরা যেন তাঁর জন্য উজ্বল হই।**

**প্রকৃত প্রশ্নটি হলো:**

**আমরা কি তাঁর জন্য জ্বলে উঠতে প্রস্তুত?**

**আমরা কি গম, না আগাছা?**

**আমরা কি জাগ্রত, না নিদ্রিত?**

*************

## বিজ্ঞপ্তি

**আমাদের মোবাইল নম্বর আপনার মোবাইলে সেভ সেভ করে রাখুন**

(+91) 98410 71858,
(+91) 98412 71858 — সম্পাদক

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**

Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

\- Editor

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : | **SBI NIN BB 455** |

### 2. Bank : ICICI Bank

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### 3. Bank : State Bank of India

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**

*****

**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA

PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in

Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 14th NOVEMBER 2025
If un-delivered please return to:

**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**